১৭২

দৈনিক সংবাদ

তারিখ OCT. 04 1999
পৃষ্ঠা ২ কলাম ৩

# কলেজে শিক্ষকদের বেতনের সরকারি অংশ একশ' ভাগ করার দাবি

বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভায় কলেজ শিক্ষা জাতীয়করণের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অবিলম্বে বেসরকারি কলেজের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ শতকরা এক শ' ভাগে উন্নীত করার দাবি জানানো হয়েছে।

শনিবার পরিষদের জাতীয় নির্বাহী কমিটির এ সভা অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক এম, শরীফুল ইসলামের সভাপতিত্বে মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে অনুষ্ঠিত হয়। সভায় আলোচনায় অংশ নেন অধ্যক্ষ মোঃ মাজাহারুল হান্নান (শহীদ সোহরাওয়ার্দী কলেজ, খুলনা) অধ্যক্ষ মোঃ শাহজাহান (ইস্পাহানী কলেজ, ঢাকা) অধ্যক্ষ মোঃ লতিফুর রহমান (ইম্পিরিয়াল কলেজ, ঢাকা) অধ্যক্ষা রহিমা খন্দকার (ইসলামপুর জে, জে, কে, এম কলেজ, শেরপুর) অধ্যক্ষ আবদুর রশীদ (প্রমতলী কলেজ, রাজশাহী) অধ্যক্ষা সাহিদুন নাহার (মোহাম্মদপুর মহিলা কলেজ, ঢাকা) অধ্যক্ষ আফতাব উদ্দিন আহমেদ (শহীদ জিয়া কলেজ, পিরোজপুর), অধ্যক্ষ সুভাষ চন্দ্র সরকার (সাতক্ষীরা সিটি কলেজ), অধ্যক্ষা হামিদা সালেহ (মাদার বক্স গার্হস্থ্য অর্থনীতি কলেজ, রাজশাহী), অধ্যক্ষ মোঃ রেজাউল কবির (ইসলামিয়া ডিগ্রি কলেজ, চট্টগ্রাম), অধ্যক্ষ মোঃ আনসার আলী সরদার (ইকবাল মেমোরিয়াল কলেজ, দাগনভূঁইয়া, ফেনী) প্রমুখ। সভায় অভিন্ন নীতিমালায় বেসরকারি কলেজ শিক্ষক নিয়োগদানের জন্যে অবিলম্বে স্বতন্ত্র জাতীয় শিক্ষা সার্ভিস কমিশনে গঠন করে তা বাস্তবায়ন করার দাবি জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি।